



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও  
ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-১০৪

তারিখ: ৩০-১১-২০২০ খ্রি.

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণির শিক্ষার্থীদের আবশ্যিক ও ট্রেড বিষয়সমূহের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের শিক্ষার্থী মূল্যায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাকাশিবো-এর অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণির জন্য মাউশি প্রণীত আবশ্যিক ও এনসিটিবির প্রস্তুতকৃত ট্রেড বিষয়ের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের শিক্ষার্থীদের মূল্যায়ন সংক্রান্ত পত্র জারি করা হয় এবং পত্রের সাথে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর নির্দেশিকাসহ ট্রেড বিষয়ের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের পাঠ্যসূচি এবং ০৮ সপ্তাহের মূল্যায়ন টুলস বাকাশিবো-এর ওয়েব সাইটে আপলোড করা হয়। এছাড়াও ০৩-১১-২০২০ খ্রি. তারিখে আবশ্যিক বিষয়ের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের পাঠ্যসূচি মূল্যায়ন টুলস (সংশোধিত) বাকাশিবো-এর ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। অ্যাসাইনমেন্টের মূল্যায়নের উপর পুনরায় কিছু নির্দেশনা প্রদান করা হলো:

### সিদ্ধান্ত:

১. ধর্ম ও নৈতিক শিক্ষা (১২১১-১৪), শারীরিক শিক্ষা (১৯১৯) ও ঐচ্ছিকের প্রতিটি বিষয়ের জন্য সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকগণ ০১ টি করে অ্যাসাইনমেন্ট প্রস্তুত করে শিক্ষার্থীগণকে প্রদান করবেন।
২. অ্যাসাইনমেন্ট সম্পন্ন (৮ম সপ্তাহ) পূর্বেই বাকাশিবো থেকে মূল্যায়ন (টেবুলেশন) শীট প্রেরণ করা হবে।
৩. পূরণকৃত মূল্যায়ন (টেবুলেশন) শীট বোর্ড চাহিবা মাত্রই প্রতিষ্ঠান তা প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।
৪. মূল্যায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট সকল ডকুমেন্টস (অ্যাসাইনমেন্ট জমা দানের রেজিস্ট্রারসহ) প্রতিষ্ঠানে অবশ্যই সংরক্ষণ করতে হবে।
৫. কোনো শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট জমাদানে অপারগ হলে সংশ্লিষ্ট শিক্ষক তা রেকর্ড রাখবেন এবং এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

  
(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক:


১. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট  
সকল সরকারি টিএসসি/টিটিসি/টিভিআই।
২. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক  
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকৃত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-১০৪(১৩)

তারিখ: ৩০-১১-২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), শিক্ষা ভবন, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড ভবন, নিউ বেইলি রোড, ঢাকা।
০৪. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
০৫. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।
০৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
০৭. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮-১০. পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রখানা ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সংরক্ষণ নথি।

  
(মুহঃ আবদুর রাজ্জাক মিয়া)  
কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।